



অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাণিসম্পদ অধিদপ্তর

কৃষিখামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৩৩.০১.০০০০.১০১.২১.৫৬(৩).১৯- ৫২৭

তারিখ: ২২/০৬/২০২০

বিষয়: যথাসময়ে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুসন্ধান, প্রতিস্বাক্ষর ও অধিদপ্তর কর্তৃক পূরণ সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ১ম শ্রেণির কর্মকর্তাদের এসিআর লিখন, অনুশাসন ও প্রতিস্বাক্ষর সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এসিআর সংক্রান্ত সুনির্দিষ্ট পরিপত্র থাকা স্বত্ত্বেও প্রাণিসম্পদ অধিদপ্তরাদীন বিসিএস(লাইভস্টক) ক্যাডারের কোন কোন কর্মকর্তাগণ তা অনুসরণ করছেন না। নির্ধারিত সময়সীমার মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন, অনুসন্ধান ও প্রতিস্বাক্ষর না করার কারণে মাঠ পর্যায়ের অনেক কর্মকর্তা ভোগান্তির শিকার হচ্ছেন। এ অবস্থা নিরসনকল্পে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সময়সীমার মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুসন্ধান, প্রতিস্বাক্ষর করতঃ অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক) একজন অনুবেদনাধীন কর্মকর্তা, প্রতিবছরের ৩১ জানুয়ারির মধ্যে অনুবেদনকারী কর্মকর্তা নিকট এসিআর দাখিল করবেন।

খ) অনুবেদনকারী কর্মকর্তা ২৮ ফেব্রুয়ারির মধ্যে উক্ত এসিআর অনুসন্ধান করে প্রতিস্বাক্ষরকারীর নিকট দাখিল করবেন।


গ) প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা ৩১ মার্চের মধ্যে অধিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করবেন।

ঘ) যৌক্তিক কারণসাপেক্ষে অনুবেদনাধীন কর্মকর্তার এসিআর দাখিলের বিলম্বিত সময় ৩১ মার্চ, অনুসন্ধানের জন্য বিলম্বিত সময় ৩০ এপ্রিল এবং প্রতিস্বাক্ষরের জন্য বিলম্বিত সময় ৩১ মে। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত অনুসন্ধানিত, প্রতিস্বাক্ষরিত ও ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের দপ্তরে প্রাপ্ত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। বার্ষিক গোপনীয় প্রতিবেদনের ৮ম অংশ অধিদপ্তর কর্তৃক পূরণের জন্য উপরোক্ত নির্দেশনা কঠোরভাবে মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

৩। বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুসন্ধান, প্রতিস্বাক্ষরের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদত্ত এসিআর সংক্রান্ত নির্দেশনা/পরিপত্র(www.mopa.gov.bd) অনুসরণ করার জন্য বলা হলো।

৪। কোন কর্মকর্তা উপরোক্ত নির্দেশনা পালনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।


(ডা. এ কে এম আতাউর রহমান)
উপ পরিচালক, প্রশাসন
পক্ষে: মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং: ৩৩.০১.০০০০.১০১.২১.৫৬(৩).১৯

তারিখ:

আপনার নিয়ন্ত্রাধীন সকল দপ্তর/প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করতঃ পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৪। পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৫। গার্ড ফাইল/অফিস কপি

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা